গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.-৪২

তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩
২৫ পৌষ ১৪২৯

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ মনিটরিং কমিটির (ডিসেম্বর, ২০২২) মাসের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে সিসমিক জরিপ সংক্রান্ত মনিটরিং কমিটির ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন।

মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব(প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) যুগ্মসচিব(পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) পরিচালক (পিএসসি) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৭) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৯) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) (চলতি দায়িত্ব), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১০) মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন , সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১১) মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১২) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
১৩) প্রকল্প পরিচালক, 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৫) প্রকল্প পরিচালক, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬ বি সাউথ এন্ড ১০ প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম

এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১৬) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ লোডিং এন্ড ডেসপাচ) ও প্রকল্প পরিচালক, বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৭) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ মেইন্টেন্যান্স), এ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৮) প্রকল্প পরিচালক, ৩-ডি সাইসমিক জরিপ ডাটা রিভিউকরণ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৯) ব্যবস্থাপক, কন্ট্রাক্ট বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২০) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২২) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৮/০৫/২০২৬

মো: মাফরুল আলম
প্রোগ্রামার

**বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (ডিসেম্বর ২০২২)**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে APA'তে অন্যতম কৌশলগত উদ্দেশ্য সিসমিক জরিপ সম্পাদন কার্যক্রমের আওতায় ১০০০ লা: কি: মি: ২ডি এবং ৭০ লা: কি: মি: ৩ডি সিসমিক জরিপের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সিসমিক জরিপ সূচক মনিটরিং কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি গত ২৯-১২-২০২২ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয়। উক্ত সভায় চলমান সিসমিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে চারটি সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**৩.১। ২-ডি এবং ৩ডি সিসমিক জরিপ:**

বাপেক্স কর্তৃক ফেনী এবং সিনোপেক কর্তৃক স্বন্দীপ এবং স্বর্ণদীপ এলাকায় সিসিমিক ডাটা একুইজিসান কার্যক্রম শুরু হয়েছে এবং অন ফিল্ড প্রসেসিং কার্যক্রমও চলমান রয়েছে। এ যাবৎ বাপেক্স কর্তৃক ২৩৭ লাইন কিলমিটার সার্ভে, ১৭১ লাইন কিলমিটার ড্রিলিং ও ১৪৫ লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। এছাড়াও সিনোপেক কর্তৃক ৭৮০ লাইন কিলোমিটার সার্ভে, ৩৬২ লাইন কিলমিটার ড্রিলিং ও ৪১৭ লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। সর্বমোট ১০১৭ লাইন কিলোমিটার সার্ভে, ৫৩৩ লাইন কিলমিটার ড্রিলিং ও ৫৬২ লাইন যা মোট প্রকল্পের ৫০.৮১ শতাংশ। প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই এবং নির্দিষ্ট সময়ের মাঝেই ১১০০ লাইন কিলোমিটার এর অধিক ডাটা একুইজিসান সম্পন্ন হবে।

৩.২। ৩ডি প্রকল্পের ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের কার্যক্রমের দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এছাড়াও ডিসেম্বর,২০২২ মাসে কয়েকটি কার্যক্রমের দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা নেই।জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ডাটা একুইজিসান কার্যক্রম আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী মাসে শুরু হবে এবং ডাটা প্রসেসিং কার্যক্রম পাশাপাশি চলবে ফলে নির্দিষ্ট সময়ে মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে।

৩.২। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ১৯০ বর্গ কিলোমিটার সার্ভে, ১৭৪ বর্গ কিলমিটার ড্রিলিং ও ১১৯ বর্গ কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। তবে সীমান্ত সংলগ্ন কিছু এলাকায় সিসমিক ডাটা একুইজিসান এর সময় এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়ে বিজিবি এর আপত্তি রয়েছে। এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সহায়তায় জন নিরাপত্তা বিভাগের অনুমোদন পাওয়া গিয়েছে, তবে বিজিবি সদর দপ্তর হতে পরিদর্শন স্বাপেক্ষে বাস্তব কাজের অনুমোদন দেওয়া হবে যা এখনো সম্পন্ন হয়নি। পূর্ণ ফোল্ডের ডাটা একুইজিসান এর জন্য বিজিবি ক্যাম্প এর অভ্যন্তরে এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়টি গুরুত্বপূর্ণ, অন্যথায় এই অংশ বাদ দিয়ে ডাটা একুজিসান সম্পন্ন করতে হবে। যেহেতু ডাটা একুজিসান প্রক্রিয়াটি একটানা করতে হয় সুতরাং এই অংশ বাদ দিলে পরবর্তীতে আর এখানে ডাটা একুজিসান করা যাবেনা। এছাড়াও অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি প্রকল্পের এ পর্যন্ত প্রকল্পের একটি অংশ বাতচিয়া-তে SP-81 (Shot Point), RP-84 (Receiving Point) বর্গ কিলোমিটার সার্ভে, ৭৯ বর্গ কিলমিটার ড্রিলিং ও ৪১ বর্গ কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। প্রকল্পের অপর অংশ হারারগঞ্জে SP-230 (Shot Point), RP-68 (Receiving Point) বর্গ কিলোমিটার সার্ভে, ৭৯ বর্গ কিলমিটার ড্রিলিং সম্পন্ন হয়েছে। সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে, তবে কিছু এলাকা বিমান বাহিনীর হওয়ায় তারা আপত্তি তুলেছে, এ প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলেও বিমান বাহিনী তাদের ইউনিটসমূহের সাথে আলোচনা করে বিষয়টি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করবে বলে জানিয়েছে। বিমানবাহিনীর আপত্তি ছাড়াও সার্ভে এলাকার কিছু অংশ বনবিভাগের আওতাধীন হওয়ায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়টি অত্যাবশ্যাক হিসেবে বিবেচনা করা হচ্ছে। সভাপতি জানান, এ বিষয়ে পূর্বেও আলোচনা হয়েছে।

৩.৩। বিজিএফসিএল এর হবিগঞ্জ ফিল্ড ও তদসংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. (বিজিএফসিএল ফেন্সিং ৩০৫, উত্তরদিকের অবমুক্ত এলাকা ৪০০ এবং স্যাউথ প্রসপেক্ট অবমুক্ত এলাকা ১৭০ বর্গ কি. মি), বাখরাবাদ এবং মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬ ধরে "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক ১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে ০৩-০৮-২০২২ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। জিওবি অর্থায়নের প্রকৃতি

নির্ধারণে অত্র বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ এবং অর্থ মন্ত্রণালয়ের ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে ১৪-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রয়োজনীয় তথ্যাদিসহ ডিপিপি প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় ০৭-১১-২০২২ তারিখে প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি যথাযথভাবে সম্পন্ন করে জিওবি হতে অর্থ অনুদানের প্রস্তাবটি পুনরায় প্রেরণের জন্য পত্র প্রদান করে। ফিজিবিলিটি স্টাডি সম্পন্নের লক্ষ্যে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটিজ কোম্পানি বরাবর ০৩-১১-২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয় এবং ২৭-১১-২০২২তারিখে কারিগরি ও আর্থিক প্রস্তাব বিজিএফসিএল বরাবর প্রেরণ করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় IEE&EIA সম্পাদন করার লক্ষ্যে ৩১-১০-২০২২ তারিখে প্রেরিথ পত্রের প্রেক্ষিতে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটিজ কোম্পানি ১৫-১১-২০২২ তারিখে কারিগরি ও আর্থিক প্রস্তাব বিজিএফসিএল বরাবর প্রেরণ করা হয়। তদানুযায়ী ৩০-১১-২০২২ তারিখে বিজিএফসিএল ও আইআইএফসি প্রতিনিধিদের মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় আর্থিক ও কারিগরী বিষয়াদি চূড়ান্ত করা হয়। প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি ও IEE&EIA সম্পাদনের জন্য চুক্তি স্বাক্ষর প্রক্রিয়াধীন রয়েছে।

৩.৪। ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ৩-ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে খসড়া চুক্তি প্রণয়ণের নিমিত্ত ২২-০৮-২০২২ তারিখে বিজিএফসিএল ও বাপেক্স এর কর্মকর্তাদের সমন্বয়ে ১টি কমিটি গঠিত হয় এবং কমিটির ১ম সভা ২৮-০৮-২০২২তারিখ এবং কমিটির ২য় সভা ০৩-১০-২০২২ তারিখে বিজিএফসিএল বরাবর দাখিল করা হয়েছে। প্রকল্পে ব্যবহৃত যন্ত্রপাতি, জনবল ও আনুষঙ্গাক ব্যয় নির্ধারণের জন্য বিজিএফসিএল ও বাপেক্স এর কর্মকর্তাগণের সমন্বয়ে ২৩-১১-২০২২ তারিখে কমিটি পুন: গঠন করা হয়। পুন: গঠিত কমিটির সভা ৩০-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়।

**৪.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | মনিটরিং টিম জানুয়ারি,২০২২ মাসে অন্ততঃ একটি প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.২ | বিজিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে কথা বলে বিষয়টি দুত নিষ্পত্তির জন্য পরিকল্পনা অনুবিভাগকে অনুরোধ করা হলো; | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৪.৩ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ প্রকল্পের পরিমাণগত বাস্তব অগ্রগতির প্রতিবেদন সিসমিক মনিটরিং টিম এর নিকট মাসিক ভিত্তিতে প্রেরণ করবেন; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৪.৪ | বিজিএফসিএল'র জরিপ প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |

মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

শাকিল আহমেদ
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি